



DD (ATM)  
৩০/৮/২০১৪

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ  
পরিচালকের দপ্তর  
ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দর, সিলেট।



নথি নং- ৩০.৩১.৯১০০.৫২১.৩১.০০৫.১৯/ ৫৭৮

তারিখঃ ১৭-০৪-২০১৪খ্রিঃ।

“ইজারা দরপত্র বিজ্ঞপ্তি”

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দর, সিলেট এর “বিদ্যমান পাবলিক টয়লেট” এবং ওয়েলফেয়ার মার্কেটের টয়লেটসহ ইজারা গ্রহণে ইচ্ছুক ব্যক্তি/ব্যক্তি মালিকানাধীন প্রতিষ্ঠান/সংস্থার নিকট হতে নিম্নবর্ণিত শর্তে ইজারা দরপত্র আহবান করা যাচ্ছে।

০১	ইজারার মেয়াদ	ঃ	ইজারাস্থল হস্তান্তরের তারিখ হতে ০১ (এক) বছর।
০২	প্রতি সেট ইজারা দরপত্রের নির্ধারিত মূল্য	ঃ	৫০০/- (পাঁচশত) টাকা এবং ১৫% ভ্যাট (অফেরৎ যোগ্য)।
০৩	বাৎসরিক গড় ইজারামূল্য	ঃ	= ৩,৮৪,৪৫৩/- (তিন লক্ষ চুরাশি হাজার চারশত তেপ্পান) টাকা।
০৪	নির্ধারিত আর্নেস্টম্যানি	ঃ	আর্নেস্টম্যানি হিসেবে বাংলাদেশের যে কোন তফসীলি ব্যাংক হতে বার্ষিক উদ্ধৃত দরের ১০% (শতকরা দশ ভাগ) হারে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট পরিচালক, ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দর, সিলেট এর অনুকূলে ইজারা দরপত্রের সাথে অবশ্যই দাখিল করতে হবে। অন্যথায় দরপত্র বাতিল বলে গণ্য হবে।
০৫	দরপত্র সিডিউল বিক্রয়ের স্থান	ঃ	ক) পরিচালকের দপ্তর, ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দর, সিলেট। খ) পরিচালক, (অর্থ), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
০৬	দরপত্র সিডিউল বিক্রয়ের শেষ তারিখ ও সময়	ঃ	০৫-০৫-২০১৪খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত।
০৭	দরপত্র সিডিউল দাখিলের তারিখ, সময় ও স্থান	ঃ	ক) তারিখঃ ০৬-০৫-২০১৪খ্রিঃ, সময়ঃ- বেলা ১২.০০ ঘটিকা পর্যন্ত। খ) পরিচালকের দপ্তর, ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দর, সিলেট।
০৮	ইজারা দরপত্র খোলার তারিখ, স্থান ও সময়	ঃ	০৬-০৫-২০১৪খ্রিঃ, সময় বেলা ১২.০৫ ঘটিকায় পরিচালকের দপ্তর, ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দর, সিলেটে বেলা ১২.০৫ ঘটিকায় দরদাতাগণ অথবা তাদের প্রতিনিধির সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) ইজারা দরপত্র খোলা হবে।

০৯। অন্যান্য শর্তাবলীঃ

(ক) নিজ নিজ সংস্থা/প্রতিষ্ঠানের লেটার হেড প্যাডে দরপত্র ক্রয়ের আবেদন করতে হবে। (খ) ব্যক্তির ক্ষেত্রে জাতীয় পরিচয় পত্র অথবা টিআইএম সাটিফিকেটসহ আবেদন করতে হবে। (গ) ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দর, সিলেটের পাবলিক টয়লেটের ০১ (এক) বছরের প্রস্তাবিত বার্ষিক দর উদ্ধৃত করতে হবে। (ঘ) সীলমোহরকৃত খামের উপর “পাবলিক টয়লেট”, ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দর, সিলেট শিরোনামটি সুস্পষ্টভাবে লিখতে হবে। (ঙ) ইজারা দরপত্রে উল্লেখিত শর্তাবলী প্রযোজ্য হবে। (চ) কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে ইজারা দরপত্র গ্রহণ বাতিল বা আংশিক বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। (ছ) কর্তৃপক্ষের কোন খেলাপি ইজারাদার/মামলার জড়িত ইজারা দরপত্রে অংশগ্রহণে অযোগ্য বলে বিবেচিত হবে। (জ) অনিবার্য কারণ বশতঃ নির্ধারিত তারিখে ইজারার দরপত্র গ্রহণ অনুষ্ঠিত না হলে পরবর্তী প্রথম কর্মদিবসে একই স্থানে এবং একই সময়ে ইজারা দরপত্র গ্রহণের কার্যক্রম অনুষ্ঠিত হবে। (ঝ) দরপত্রের সিডিউলে উল্লেখিত সকল শর্তাবলী প্রযোজ্য হবে।

পরিচালক

ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দর, সিলেট।

ফোন-৮৮-০২-৯৯৬৬৩১১৪৩

E-mail: [d sylhet@caab.gov.bd](mailto:dsylhet@caab.gov.bd)

146 MW